



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩৮৮৯৪৯, ৯৫৭৩৯২৬

E-mail: dgmsme@krishibank.org.bd



নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ- শাখা-৪(এসএমই)- ৭(৫)/২০২১-২০২২/ ৪৬৬(১২৫০)

তারিখ : ০৯.০৯.২০২১

মহাব্যবস্থাপক

সকল বিভাগীয় কার্যালয়

ও

স্থানীয় মুখ্য কার্যালয়

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ২০২১-২০২২ অর্থবছরে এসএমই ঋণ কার্যক্রমে গতিশীলতা আনয়ন ও বিভাগওয়ারী এসএমই ঋণ বিতরণের বার্ষিক লক্ষ্যমাত্রার বিপরীতে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। চলতি ২০২১-২০২২ অর্থ বছরে বাংলাদেশ কৃষি ব্যাংকের সর্বমোট ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ১৫৫৭৫.০০ কোটি টাকা। তন্মধ্যে এসএমই খাতে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ৪০০০.০০ কোটি টাকা বিভাগওয়ারী বন্টনপূর্বক অত্র বিভাগ কর্তৃক পত্র নং ৭(৮)/২০২১-২০২২/২৭১(১২৫০), তারিখ ১৯/০৮/২০২১ মূলে জারীপূর্বক তা অর্জনের বিষয়ে দিক-নির্দেশনা প্রদান করা হয়েছে। এসএমই খাত অর্থনৈতিক উন্নয়নের অন্যতম চালিকাশক্তি বিধায় এ খাতে ঋণ বিতরণের উপর সরকার ও বাংলাদেশ ব্যাংকের নির্দেশক্রমে অত্র ব্যাংক কর্তৃক বিশেষ গুরুত্ব প্রদান করা হচ্ছে। বর্তমান ২০২১-২০২২ অর্থবছর শুরু হয়ে ইতিমধ্যেই ০২ (দুই) মাসেরও বেশী সময় অতিক্রান্ত হলেও এসএমই ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। ০২.০৯.২০২১ তারিখ ভিত্তিক বিভাগওয়ারী এসএমই ঋণ বিতরণ পরিস্থিতি নিম্নরূপঃ

(কোটি টাকায়)

ক্রঃ নং	বিভাগের নাম	ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা	অর্জন	অর্জনের শতকরা হার (%)	মন্তব্য
১	ঢাকা	৮৪০.০০	৩৪.৭৫	৪%	হতাশাব্যঞ্জক
২	ময়মনসিংহ	৪৬০.০০	২২.৮০	৫%	হতাশাব্যঞ্জক
৩	চট্টগ্রাম	৩৬০.০০	১৯.৮২	৬%	হতাশাব্যঞ্জক
৪	খুলনা	৩৬০.০০	১৭.৫৫	৫%	হতাশাব্যঞ্জক
৫	বরিশাল	১২৫.০০	৭.৪৫	৬%	হতাশাব্যঞ্জক
৬	সিলেট	৩০৫.০০	১২.৮৪	৪%	হতাশাব্যঞ্জক
৭	কুমিল্লা	৫৩৫.০০	২১.৯৯	৪%	হতাশাব্যঞ্জক
৮	ফরিদপুর	৩৫০.০০	১৭.০১	৫%	হতাশাব্যঞ্জক
৯	কুষ্টিয়া	৩৮৫.০০	২৩.৮৫	৬%	হতাশাব্যঞ্জক
১০	এলপিও	২৮০.০০	২.৩৫	০১%	হতাশাব্যঞ্জক
মোটঃ		৪০০০.০০	১৮০.৪১	০৫%	হতাশাব্যঞ্জক

০৩। উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায় :

ঋণ বিতরণ : কোন বিভাগই বার্ষিক এসএমই ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়নি। বর্ণিত সময়ে আনুপাতিক লক্ষ্যমাত্রার ১৭% অর্জনের নির্দেশনা থাকলেও অর্জিত হয়েছে মাত্র ০৫%। সকল বিভাগের এসএমই ঋণ বিতরণের অবস্থা খুবই হতাশাব্যঞ্জক।

০৪। এসএমই ঋণ বিতরণ, আদায় ও শ্রেণীকৃত ঋণ হ্রাসকরনে ক্রেডিট বিভাগ কর্তৃক সময়ে সময়ে একাধিক পত্র জারী এবং সংশ্লিষ্ট মাঠ কার্যালয়সমূহকে টেলিফোনে তাগিদ প্রদান করা হলেও ঋণ বিতরণ পরিস্থিতি কাজিত মাত্রায় উন্নীত হচ্ছে না। একারণে মাঠ কার্যালয় সমূহের ব্যবসায়িক ক্ষমতা সর্বোচ্চ স্বেচ্ছাব্যবহার করে যথানিয়মে ও দ্রুততম সময়ে এসএমই খাতে ঋণ প্রবাহ বৃদ্ধি করতে হবে। এ বিষয়ে বিভাগীয় কার্যালয় ও মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয় কর্তৃক মাসিক ভিত্তিতে মনিটরিং করতে হবে এবং এ খাতে লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে দিক নির্দেশনা প্রদান করতে হবে। ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১০০% অর্জনের লক্ষ্যে বছরের শুরু থেকেই নিম্নোক্ত বিষয়াদি পরিপালনে গুরুত্ব আরোপ করতে হবেঃ

- বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক ব্যাংকের সামগ্রিক ঋণ পোর্টফলিওতে এসএমই খাতে ঋণ বিতরণ এবং ঋণ স্থিতির পরিমাণ ক্রমান্বয়ে ২৫% এ উন্নীত করার প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে। প্রত্যেক শাখাকে এ খাতে ঋণ বিতরণের মাধ্যমে ঋণের প্রবাহ বৃদ্ধি করতে হবে;
- আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ শাখা সমূহের জন্য আলাদা কর্মকৌশল প্রণয়নপূর্বক সাপ্তাহিক ভিত্তিতে মনিটরিংসহ প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করতে হবে;
- মুখ্য আঞ্চলিক কার্যালয়ের আওতাধীন এসএমই খাতে প্রাপ্ত নতুন/নবায়নযোগ্য ঋণ প্রস্তাবসমূহ দ্রুত মঞ্জুরি/নবায়ন করে বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৪

৪৬

বিষয়ঃ ২০২১-২০২২ অর্থবছরে এসএমই ঋণ কার্যক্রমে গতিশীলতা আনয়ন ও বিভাগওয়ারী এসএমই ঋণ বিতরণের বার্ষিক লক্ষ্যমাত্রার বিপরীতে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি প্রসঙ্গে।

- (ঘ) এসএমই ঋণ পোর্টফলিওর খাতভিত্তিক কাক্ষিত গঠন হবে ম্যানুফ্যাকচারিং অন্যান ৪০%, সেবা অন্যান ২৫%, এবং ব্যবসা সর্বোচ্চ ৩৫%। উক্ত খাত ভিত্তিক অনুপাত অনুসরণপূর্বক ঋণ বিতরণ করতে হবে;
- (ঙ) নারী উদ্যোক্তাদের ঋণ আবেদনপত্র সর্বোচ্চ অগ্রাধিকার ভিত্তিতে গ্রহণ ও নিষ্পত্তি করতে হবে;
- (চ) সিএমএসএমই খাতকে আরো এগিয়ে নিতে নতুন ও নারী উদ্যোক্তাদের মাঝে অধিক পরিমাণ ঋণ বিতরণের লক্ষ্যে প্রত্যেক শাখার আওতাধীন এলাকায় সম্ভাব্য এসএমই উদ্যোক্তা খুঁজে বের করতে হবে এবং তাদের তালিকা প্রণয়ন পূর্বক যোগ্য উদ্যোক্তাদেরকে এসএমই ঋণের আওতায় আনতে হবে। অঞ্চল প্রধানগণ শাখা পরিদর্শনকালে বিষয়টি নিয়মিতভাবে মনিটরিং করে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবেন;
- (ছ) বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক যে সকল শাখাসমূহের নির্দিষ্ট এলাকায় একাধিক উৎপাদক প্রতিষ্ঠান একইরূপ পণ্য বা সেবা উৎপাদন করে তাদেরকে চিহ্নিত করে ক্লাস্টার ভিত্তিক অর্থায়নের আওতায় আনতে হবে;
- (জ) সিএমএসএমই খাতে ঋণের স্বাভাবিক প্রবাহ বজায় রাখতে হলে এ খাতে বিতরনকৃত ঋণের পাশাপাশি আদায়ের উপরও সমান গুরুত্ব দিতে হবে। তাই নিয়মিত মনিটরিং করতে হবে এ খাতে বিতরনকৃত ঋণ যাতে কোন অবস্থাতে বিরূপ মানে শ্রেণীকৃত না হয়ে পড়ে সে দিকে বিশেষ নজর দিতে হবে;
- (ঝ) চলতি অর্থবছরে এসএমই খাতে প্রদত্ত লক্ষ্যমাত্রা শাখা কর্তৃক অর্জনের অগ্রগতি বিভাগীয়, মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয় কর্তৃক সাপ্তাহিক/ মাসিক ভিত্তিতে মনিটরিং করতে হবে এবং এ খাতে লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে দিক নির্দেশনা প্রদান করতে হবে;
- (ঞ) বছর শেষে কোন শাখারই এসএমই খাতে ঋণ বিতরণের অর্জন যাতে শূন্য না থাকে সে বিষয়ে কার্যকর উদ্যোগ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপককে পরামর্শ প্রদান করতে হবে;
- (ট) সংযুক্তি 'ক' তে ২০২১-২০২২ অর্থবছরে এসএমই খাতের বিভিন্ন কর্মসূচির তালিকা দেয়া হলো। উক্ত তালিকা অনুসরণপূর্বক এসএমই খাতের বিভিন্ন কর্মসূচীর সফল বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। এ বিষয়ে কোন অস্পষ্টতা পরিলক্ষিত হলে ক্রেডিট বিভাগের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো; এবং
- (ঠ) বাংলাদেশ ব্যাংক ও অর্থমন্ত্রণালয়ে মাসিক ভিত্তিতে তথ্য সরবরাহের নিমিত্তে শাখা/অঞ্চল হতে সংগৃহীত তথ্য শুধুমাত্র বিভাগীয় কার্যালয়সমূহ হতে সংযুক্তি 'খ' অনুযায়ী একীভূত করে পরবর্তী মাসের ০৭ তারিখের মধ্যে এখন হতে নিয়মিতভাবে ক্রেডিট বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

০৫। এমতাবস্থায়, অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত এসএমই ঋণ নীতিমালা (পরিকল্পনা ও পরিচালন (প্রবাবি) পরিপত্র নং ২৬/২০১০, তারিখ ৩১/১১/২০১০), বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত সিএমএসএমই সংক্রান্ত মাস্টার সার্কুলার (এসএমইএসপিডি সার্কুলার নং ২, তারিখ ০৫/০৯/২০১৯) অনুসরণ পূর্বক আগামী ৩১.১২.২০২১ তারিখের মধ্যে এসএমই ঋণ বিতরণের বার্ষিক লক্ষ্যমাত্রার ৫০% এবং ৩০/০৬/২০২২ তারিখের মধ্যে ১০০% অর্জনের কার্যকর ব্যবস্থা গ্রহণসহ বিভাগওয়ারী এসএমই ঋণের পারফরমেন্স মাসিক ভিত্তিতে প্রদত্ত ছক মোতাবেক ক্রেডিট বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-


আপনার বিশ্বস্ত,

 (মোহাম্মদ মঈনুল ইসলাম)
 উপ মহাব্যবস্থাপক

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-০৪(এসএমই)-৭(৫)/২০২০-২০২১/ ৪৬৬(২২০)

তারিখঃ এ

০১. চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২. ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩. ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪. উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
০৫. উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা (পত্রখানি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
০৬. উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭. সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক/ আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮. সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯. নথি/ মহানথি।


 ০৭/০৭/২০২১
 (মুহাম্মদ মোশাররফ হোসেন)
 সহকারী মহাব্যবস্থাপক

বিষয় : ২০২১-২২ অর্থবছরে এসএমই খাতের বিভিন্ন কর্মসূচির তালিকা।

(কোটি টাকায়)

ক্রমঃ	কর্মসূচির বিষয়	ক্রেডিট বিভাগের সার্কুলার নং ও তারিখ	ব্যাংকের মোট লক্ষ্যমাত্রা	সুদহার
১.	এসএমই খাতে ঋণ বিতরণ (সর্বমোট লক্ষ্যমাত্রা)	পত্র নং-২৭১ তারিখঃ ১৯/০৮/২০২১।	৪০০০.০০	৯%
২.	এসএমই ঋণ স্থিতি (৩১/১২/২০ তারিখভিত্তিক স্থিতি ১৭০০.৫৫ কোটি টাকা)	পত্র নং-১৮২৩ তারিখঃ ২৮/০১/২০২১।	৪৭৭৫.২২ (৩১/১২/২০২১ ভিত্তিক)	--
৩.	নারী উদ্যোক্তা খাতে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা	পত্র নং-৩০৯, তারিখ ২৪/০৮/২০২১	৬০০.০০ (মোট বিতরণ লক্ষ্যমাত্রার ১৫%)	৯%
	নারী উদ্যোক্তা খাতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত প্রণোদনা (০১/০৭/২০২১ তারিখ হতে ৩১/১২/২০২৪ পর্যন্ত নারী উদ্যোক্তা খাতে বিতরণকৃত ঋণের বিপরীতে মঞ্জুরীকৃত ঋণের বিপরীতে ২% হারে প্রণোদনা প্রদান করা হবে। ব্যাংক এবং উদ্যোক্তা প্রত্যেকে ১% হারে উক্ত সুবিধার জন্য বিবেচিত হবে।)	এসএমইএসপিডি সার্কুলার নং-০৮, তারিখঃ ১৯/০৮/২০২১। ক্রেডিট বিভাগের পত্র নং-২৬৭ তারিখঃ ১৯/০৮/২০২১।		
৪.	ক্লাস্টার অর্থায়নে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা	পত্র নং-৩০৭, তারিখ ২৫/০৮/২০২১	১০০.০০	৯%
৫.	করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবে ক্ষতিগ্রস্ত সিএমএসএমই খাতে চলতি মূলধন ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদান (২য় পর্যায়/২০২১-২২ অর্থবছর)।	এসএমইএসপিডি সার্কুলার নং-০১, তারিখঃ ১৩/০৮/২০২০ (মূল সার্কুলার)। ক্রেডিট বিভাগের পত্র নং-৩০ তারিখঃ ০৬/০৭/২০২১	২০০.০০	উদ্যোক্তা ৪% ভূতকি ৫% মোট ৯%
৬.	বাংলাদেশ ব্যাংকের পুনঃঅর্থায়ন স্কিম ক) স্মল এন্টারপ্রাইজ পুনঃঅর্থায়ন স্কিম (বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত তহবিল ১৫০০.০০ কোটি টাকা) খ) নতুন উদ্যোক্তা পুনঃঅর্থায়ন তহবিল (বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত তহবিল ১০০.০০ কোটি টাকা) গ) কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাতকরণের জন্য মফস্বলভিত্তিক শিল্প স্থাপনে পুনঃঅর্থায়ন স্কিম (বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত তহবিল ১৪০০.০০ কোটি টাকা)	এসএমইএসপিডি সার্কুলার নং-০২, তারিখঃ ০৫/০৯/২০১৯। এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০২, তারিখঃ ৭/০৫/২০২০। ক্রেডিট বিভাগের সার্কুলার লেটার নং-১৩৪১, তারিখঃ ২৬/১১/২০২০	ব্যাংকসমূহের জন্য কোন সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রা নেই। গ্রাহকভেদে সর্বনিম্ন দশ হাজার টাকা হতে দশ কোটি টাকা পর্যন্ত অর্থায়ন করা যাবে।	বাংলাদেশ ব্যাংক হতে ৩% হারে পুনঃঅর্থায়ন পাওয়া যাবে। গ্রাহক পর্যায়ে সুদের হার সর্বোচ্চ ৭%।
৭.	স্টার্ট আপ ফান্ড ক) বাংলাদেশ ব্যাংক কর্তৃক গঠিত স্টার্ট-আপ ফান্ড নামে ৫০০.০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন তহবিল	এসএমইএসপিডি সার্কুলার নং-০৪, তারিখঃ ২৯/০৩/২০২১। এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৪, তারিখঃ ১৯/০৮/২০২১। ক্রেডিট বিভাগের পত্র নং-২৩৮৭, ২৪২৮ তারিখঃ ১২/০৮/২০২১, ২১/০৮/২০২১।	ব্যাংকসমূহের জন্য কোন সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রা নেই। গ্রাহকভেদে ঋণের পরিমাণ হবে সর্বোচ্চ ১.০০ কোটি টাকা।	বাংলাদেশ ব্যাংক হতে .৫০% হারে পুনঃঅর্থায়ন পাওয়া যাবে। গ্রাহক পর্যায়ে সুদের হার সর্বোচ্চ ৪%।

বিষয় : ২০২১-২২ অর্থবছরে এসএমই খাতের বিভিন্ন কর্মসূচির তালিকা।

ক্রঃনং	বিষয়	ক্রেডিট বিভাগের সার্কুলার নং ও তারিখ	লক্ষ্যমাত্রা	সুদহার
৭.	স্টার্ট আপ ফান্ড খ) ব্যাংকের বাৎসরিক পরিপালনগত মুনাফা হতে ১% অর্থ স্থানান্তরপূর্বক নিজস্ব স্টার্ট-আপ ফান্ড গঠন	পরিচালনগত মুনাফা অর্জিত না হওয়ায় নিজস্ব স্টার্ট-আপ ফান্ড গঠন করা সম্ভব হচ্ছে না।		
৮.	ক্রেডিট গ্যারান্টি স্কিম (প্রনোদনা প্যাকেজের আওতায় কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র খাতে বিনা জামানতে বিতরণকৃত ঋণসমূহ উল্লেখিত স্কিমের গ্যারান্টি কাভারেজের আওতায় বাংলাদেশ ব্যাংকে রেজিস্ট্রেশন করতে হবে)।	এসএমইএসপিডি সার্কুলার নং-০৩ ও ০৪, তারিখঃ ২৭/০৬/২০২০ ও ০৩/১১/২০২০। ক্রেডিট বিভাগের পত্র নং-২৯৩ ও ১১৯০ তারিখঃ ১০/০৮/২০২০ ও ১২/১১/২০২০	পোর্টফলিও গ্যারান্টি লিমিট ৫০.০০ কোটি টাকা।	--




এসএমই খাতে ঋণ বিতরণ ও অনাদায়ী স্থিতির মাসিক বিবরণী

বিভাগের নামঃ
বিবরণীর সময়কাল(মাসিক ভিত্তিতে)ঃ...../২০২১ (২০২১-২০২২ অর্থবছরের জন্য)।

ক্র নং	অধ্যায়ের নাম	চলতি মাসে সিএমএসএমই খাতে প্রকল্প ঋণ বিতরণ	চলতি মাসে সিএমএসএমই খাতে চলতি মূলধন ঋণ বিতরণ			চলতি মাসে সিএমএসএমই খাতে সর্বমোট ঋণ বিতরণ	চলতি মাসে সিএমএসএমই খাতে গ্রামীণ শাখাসমূহে বিতরণকৃত ঋণের অনাদায়ী স্থিতি	চলতি মাসে সিএমএসএমই খাতে জামানতবিহীন ঋণ বিতরণ	সিএমএসএমই খাতে জামানতবিহীন ঋণের অনাদায়ী স্থিতি	চলতি মাসে সিএমএসএমই খাতে নতুন উদ্যোক্তা ঋণ বিতরণ	সিএমএসএমই খাতে নতুন উদ্যোক্তা ঋণের অনাদায়ী স্থিতি	সিএমএসএমই খাতে মোট ঋণ আদায়	সিএমএসএমই খাতে মোট অনাদায়ী স্থিতি
			ম্যানুফ্যাকচারিং	সার্ভিস	ট্রেডিং								
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬

৫

৫৮